



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.৭২.২১/১৬৭৮(৫)

তারিখ : ৪২ /০৬/২০২২ খ্রি.

বিষয় : ঢাকা মহানগরীর উত্তরখান থানার মৈনারটেক স্কুল এন্ড কলেজে অবৈধভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ, ক্ষমতার অপব্যবহার করে এডহক কমিটির মাধ্যমে অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ এবং শিক্ষকদের হয়রানিসহ বিভিন্ন অভিযোগে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের বিষয়ে ব্যাখ্যা/জবাব প্রদান প্রসঙ্গে।

- সূত্র :
- (১) দুদক এর স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.৪১৩.২০.৫১২২ তারিখ : ০৭/০২/২০২১ খ্রি.
  - (২) মাউশির স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৫১ তারিখ: ১৮/০১/২০২২ খ্রি.
  - (৩) স্মারক নং মাউশি/ঢাকা/তদন্ত/২০১৭/১৭৬৯ তারিখ ; ২৬/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশনের ১নং সূত্রের পত্রের নির্দেশনা মোতাবেক প্রাপ্ত অভিযোগসমূহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে তদন্ত করা হয়। তদন্ত কর্মকর্তার মতামত ও পর্যবেক্ষণ বিশ্লেষণ করে দেখা যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ খ্রি. তারিখের পরিপত্রের নির্দেশনা মোতাবেক সহকারী প্রধান শিক্ষক কিংবা জ্যেষ্ঠতম সহকারী শিক্ষকের নিকট দায়িত্বভার অর্পণ করা হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র লংঘন করে ৫ম জ্যেষ্ঠতম সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পন করা হয়েছে। সহকারী প্রধান শিক্ষক অভিযোগে অভিযুক্ত হলে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষকের নিকট ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষের দায়িত্বভার অর্পণ করতে হবে কোন অবস্থাতেই ৫ম জ্যেষ্ঠতম জনাব মো: ঈমান উদ্দিনকে দায়িত্বভার অর্পণ বিধি সম্মত হয়নি। বর্তমানে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষকগণ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করতে সম্মত আছেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রাপ্তির জন্য বিজ্ঞ আদালতে দায়েরকৃত মামলার রায় অনুযায়ী ও শিক্ষাবোর্ডের ১৫/০৯/২০২০ খ্রি. তারিখের পত্র মোতাবেক দায়িত্বভার অর্পণ করা হয়নি। ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক মিস আপিল মামলা নং ৩৫১০/২০২১ এর শুনানির অপেক্ষায় আছে তাই সকল মামলার রায়/নির্দেশই চূড়ান্ত হিসেবে গণ্য হবে। ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের(প্রায় অর্ধাংশ) সাথে বৈষম্যমূলক আচরণ করার অভিযোগ প্রমাণিত। বিধিমোতাবেক এডহক কমিটি শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করতে পারেন না।

এমতাবস্থায়, বর্ণিত তদন্ত প্রতিবেদনের পর্যবেক্ষণ, মতামত ও সুপারিশের পরিপ্রেক্ষিতে ০৩(তিনি) কর্মদিবসের মধ্যে মতামত/ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪১মে ১২.৬.২২

(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭

- (১) সভাপতি, গভর্নিংবডি, মৈনারটেক স্কুল এন্ড কলেজ, উত্তরখান, ঢাকা;
- (২) অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), মৈনারটেক স্কুল এন্ড কলেজ, উত্তরখান, ঢাকা;

বিতরণ :

- (১) সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা;
- (২) সহকারী পরিচালক (সাপ্রি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- (৩) সংরক্ষণ নথি।